

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জুলাই ২০২২ খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত

কোতোয়ালী ও বাকলিয়া এলাকায় উচ্ছেদ অভিযানে

৩১ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে আন্দরকিল্লা ও মোমিন রোডের উভয় পার্শ্বের ফুটপাথ দখল করে দোকানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতার দায়ে ৬ দোকানদা মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে অপর এক অভিযানে নগরীর ফিরঙ্গীবাজার এলাকা ও বাকলিয়া থানাধীন শাহ আমানত সেতু সড়কের উভয় পার্শ্বের ফুটপাথ ও রাস্তা দখল করে পুরাতন লোহার মালামাল ও নির্মাণ সামগ্রী রেখে চলাচলে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতার দায়ে ০৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং একই সাথে ফুটপাথ ও রাস্তা অবৈধ দখলমুক্ত করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩